

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৮৯

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ১০৩. ছড়ি না পাওয়া গেলে রেখা টেনে দিবে

بَابُ الْخَطِّ إِذَا لَمْ يَجِدْ عَصَى

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفْضَلِ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أُمِيَّةَ، حَدَّثَنِي أَبُو عَمْرُو بْنُ مُحَمَّدٍ بْنِ حُرَيْثٍ، أَنَّهُ سَمِعَ جَدَهُ، حَرِيَّاً يُحَدِّثُ عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَجْعَلْ تِلْقَاءَ وَجْهِهِ شَيْئًا فَإِنْ لَمْ يَجِدْ فَلْيَنْصِبْ عَصَى فَإِنْ لَمْ يَكُنْ مَعَهُ عَصَى فَلْيَخْطُطْ خَطًا ثُمَّ لَا يَضُرُّهُ مَا مَرَّ أَمَامَهُ".

- ضعيف : المشكاة ৭৮১ -

বাংলা

৬৮৯। আবু হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ (খোলা জায়গাতে) সালাত আদায় করলে যেন (সুতরাহ হিসেবে) তার সামনে কিছু স্থাপন করে। কিছু না পাওয়া গেলে যেন একটি লাঠি স্থাপন করে নেয়। সাথে কোন লাঠি না থাকলে (মাটিতে) যেন একটি দাগ টেনে নেয়। তারপর সামনে দিয়ে কিছু চলাচল করলে সালাতের কোন ক্ষতি হবে না।[1]

দুর্বল : মিশকাত ৭৮১।

## English

Narrated AbuHurayrah:

The Prophet ﷺ said: When one of you prays, he should put something in front of his face, and if he can find nothing , he should set up his staff; but if he has no staff, he should draw a line; then what passes in front of him will not harm him.

## ফুটনেট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুসল্লী কি দিয়ে সুতরাহ করবে, হাঃ ১৪৩), আহমাদ (২/২৪৯), ইবনু খুয়াইমাহ (৮১১, ৮১২), সকলে আবু আমর সূত্রে। ইয়তিরাব ও সনদস্থ বর্ণনাকারীর অবস্থা অঙ্গত হওয়ার কারণে এর সনদ দুর্বল। তিনি হলেন আবু মুহাম্মাদ আমর ইবনু ভুরাইস। শায়খ আহমাদ শাকির বলেন, এ সূত্রে হাদীসটির অন্যান্য সনদও রয়েছে। যার কতিপয় সামঞ্জস্যপূর্ণ অথবা বিরোধী। আর প্রত্যেকটিই ইয়তিরাব ও জাহালাতের প্রমাণ বহণ করে...। অতঃপর তিনি বলেন, উলামায় ইসত্তিলাহ এ হাদীসকে মুষ্টারিব সনদে বর্ণিত হাদীসের উপমা হিসেবে পেশ করে থাকেন।

মিশকাতের তাহকীকে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ এতে কঠিন ইয়তিরাব ও দু'জন অঙ্গত লোক রয়েছে। সেজন্য একদল ইমাম একে দুর্বল বলেছেন। যাঁদের মধ্যে ইমাম আহমাদ অন্যতম।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58007>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন